

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাজেট অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


স্মারক নং-৪৫.১৩৯.০০২.০০.০০.০২৭.২০১৪/ ৭২২২

তারিখঃ ২৬-০৮-২০১৫খ্রিঃ

বিষয়ঃ চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বিভিন্ন প্রকার অগ্রিম ঋণ প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুকূলে চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে গৃহ নির্মাণ/গৃহ মেরামত, কম্পিউটার, মোটরগাড়ি এবং মোটর সাইকেল বাবদ অগ্রিম ঋণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রকার অগ্রিম ঋণ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে আগামী ৩০-০৯-২০১৫ তারিখে অফিস সময়ের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ পত্রের (ফরোয়াডিং-নামযুক্ত সীলসহ) নিদিষ্ট ফরমে আবেদন এ মন্ত্রণালয়ের বাজেট অধিশাখায় ডাকযোগে সরাসরি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) উন্নয়ন প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারী অগ্রিম ঋণের জন্য আবেদন করতে পারবে না ;
- (খ) অগ্রিম ঋণ প্রাপ্তির জন্য সরকারী চাকুরী কমপক্ষে ৫(পাঁচ) বছর পূর্ণ হতে হবে;
- (গ) সুদসহ গৃহ নির্মাণ অগ্রিম আদায় না হওয়া পর্যন্ত গৃহ মেরামত অগ্রিম প্রদান করা যাবে না;
- (ঘ) কম্পিউটার ক্রয়ের অগ্রিম ঋণ ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাগণ প্রাপ্ত হবেন ;
- (ঙ) যে সকল কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা বা তার উর্দে তীরা মোটর গাড়ি অগ্রিম ঋণ গ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
- (চ) অফিস প্রধান কর্তৃক আবেদনকারী পূর্বে ঋণ বাবদ এ ধরণের অগ্রিম ঋণ গ্রহণ করেননি এবং অগ্রিম ঋণ প্রদান করা হলে তা যথাযথভাবে কর্তন করা হবে মর্মে নামযুক্ত সীলসহ প্রত্যয়ন;
- (ছ) গৃহ নির্মাণ, কম্পিউটার, মোটর গাড়ী এবং মোটর সাইকেল অগ্রিম ঋণ গ্রহণের ক্ষেত্রে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প বায়নাপত্র প্রদান করতে হবে। আবেদনকারীর বয়স প্রমানের লক্ষ্যে ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তার এসএসসি সনদ পত্রের এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সার্ভিস বইয়ের ৩য় ও ৪র্থ পাতাসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কর্মকর্তার নামযুক্ত সীলসহ সত্যায়িত কপি প্রদান করতে হবে ;
- (জ) অগ্রায়ণ পত্রে মন্ত্রণালয়ের জারীকৃত পত্রের স্মারক নং এবং তারিখ অবশ্যই উল্লেখ থাকতে হবে।

  
(আবেদা আকিতার)  
উপসচিব  
ফোন-৯৫২২২১২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৩। অধ্যক্ষ,-----মেডিকেল কলেজ,-----
- ৪। পরিচালক,-----মেডিকেল কলেজ হাসপাতাল,-----
- ৫। পরিচালক,-----
- ৬। উপসচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪/১৪, ইস্পাহানী ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৯। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য/পঃপঃ-সকল)। তার অধীনস্থ সকল জেলা/উপজেলা/মাঠ পর্যায়ের অফিসসমূহে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল) তার অধীনস্থ সকল জেলা/উপজেলার মাঠ পর্যায়ের অফিস সমূহে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১১। তত্ত্বাবধায়ক, ৩০০শয্যা বিশিষ্ট হাসপাতাল, নারায়নগঞ্জ
- ১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। সিঃসংকারী সচিব/সহকারী সচিব/সিঃসংকারী প্রধান/সহকারীপ্রধান (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৪। উপপরিচালক (পঃপঃ, সকল) তার অধীনস্থ সকল জেলা/উপজেলা/মাঠ পর্যায়ের অফিসসমূহে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৫। তত্ত্বাবধায়ক, ৩০০শয্যা বিশিষ্ট হাসপাতাল, নারায়নগঞ্জ।
- ১৬। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১৭। প্রধান গ্রন্থাগারিক, জাতীয় স্বাস্থ্য গ্রন্থাগার ও দলিল সংরক্ষণ কেন্দ্র, মহাখালী, ঢাকা।
- ১৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার,-----
- ১৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২০। -----

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।